গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
কিশোরগঞ্জ
স্থানীয় সরকার শাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

কিশোরগঞ্জ জেলা এনজিও সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী জেলা প্রশাসক
সভার তারিখ	১৮ আগস্ট ২০১৯
সভার সময়	বিকাল ৩-০০ টা
স্থান	সম্মেলনকক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ
উপস্থিতি	সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট-'ক' ও 'খ' এবং এনজিওসমূহের জুলাই ২০১৯ মাসে গৃহীত কার্যক্রমের বিবরণ পরিশিষ্ট-'গ' তে প্রদর্শিত হলো

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ গত ২১ জুলাই ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ় করা হয়। পরবর্তীতে গত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনাসহ নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

আলোচনা-১			
ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(ক)	এনজিওসমূহ কর্তৃক স্বাস্থ্যসেবা কার্যক্রম পরিচালনা	স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম পরিচালনাকারী এনজিও'র মধ্যে আশা, পিইপি, নারী মৈত্রী, নারী উদ্যোগ কেন্দ্র ও পিএসটিসি নামক সংস্থা প্রতিবেদন দাখিল করেছে। উপজেলা পর্যায়ে স্বাস্থ্য বিষয়ক কার্যক্রমে সিভিল সার্জন কিংবা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে সম্পৃক্ত করতে হবে।	সিভিল সার্জন, কিশোরগঞ্জ এবং সংশ্লিষ্ট এনজিও'র জেলা ও উপজেলা প্রধানগণ
(খ)	পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রমে সহযোগিতা প্রদান	পরিবার পরিকল্পনা বিষয়ক কার্যক্রম পরিচালনাকারী নারী মৈত্রী ও সূর্যের হাসি ক্লিনিক নামক ২টি এনজিও প্রতিবেদন দাখিল করেছে। স্থায়ী পদ্ধতি গ্রহণে সক্ষম দম্পতিদের উদ্বুদ্ধকরণ কার্যক্রম জোরদার করতে হবে।	উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কিশোরগঞ্জ
আলোচনা-২			

(ক)	প্রাথমিক বিদ্যালয়সমূহে মিড-ডে মিল চালুকরণে তৎপরতা বৃদ্ধিকরণ	জেলায় কর্মরত প্রতিটি এনজিওকে কমপক্ষে ১টি প্রাথমিক বিদ্যালয়ে মিড-ডে মিল চালুর বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। প্রাথমিক বিদ্যালয়সমূহে মিড-ডে মিল চালুর বিষয়টি সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারের জন্য এনজিওসমূহের জেলা ও উপজেলা প্রধানকে পরামর্শ প্রদান করা হয়।	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ এবং সংশ্লিষ্ট এনজিও'র জেলা ও উপজেলা প্রধানগণ
(খ)	ঝড়ে পড়া শিশুদের প্রাথমিক বিদ্যালয়ে ফিরিয়ে আনা	ঝড়ে পড়া শিশুদের প্রাথমিক বিদ্যালয়ে ফিরিয়ে আনার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ
(গ)	মৌলিক সাক্ষরতা প্রকল্পের ২য় পর্যায়ের কার্যক্রম	মৌলিক সাক্ষরতা প্রকল্পের ২য় পর্যায়ের কার্যক্রমে অধিক সংখ্যক উপজেলা অন্তর্ভুক্তির বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, কিশোরগঞ্জ
আলোচনা-৩			
	স্যানিটেশন কার্যক্রমের তদারকি জোরদারকরণ	স্যানিটেশন কার্যক্রমের সাথে সম্পৃক্ত ব্র্যাক ওয়াশ ও আশা নামক ২টি এনজিও প্রতিবেদন দাখিল করেছে। যে সকল এনজিও ইতঃপূর্বে স্যানিটেশন কার্যক্রম পরিচালনা করেছে কিন্তু এখন সম্পৃক্ততা নেই সে সকল এনজিওকে শূন্য প্রতিবেদন দাখিলের জন্যও অনুরোধ জানানো হয়।	নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কিশোরগঞ্জ এবং জেলা ও উপজেলা এনজিওসমূহের প্রধানগণ
আলোচনা-৪			
(ক)	এনজিওসমূহ কর্তৃক কৃষি বিষয়ক কার্যক্রম পরিচালনা	ফসল উৎপাদনে সমৃদ্ধি অর্জনে কৃষি বিভাগের সাথে সমন্বয় করে স্ব স্ব সংস্থার উপকারভোগীদের মাঝে উন্নত জাতের বীজ বিতরণের পদক্ষেপ গ্রহণ করতে হবে। এছাড়া নিকলী, মিঠামইন, ইটনা ও অষ্টগ্রাম উপজেলায় সৌহার্দ্য-III কর্মসূচির বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শনের পরামর্শ প্রদান করা হয়।	জেলা পর্যায়ের দপ্তরের বিভাগীয় প্রধানগণ এবং প্রকল্প সমন্বয়কারী, সৌহার্দ্য-III কর্মসূচি, কিশোরগঞ্জ

(খ)	ক্ষুদ্রঋণ কার্যক্রমের ক্ষেত্রে সনদ সংগ্রহ ও সনদ হালনাগাদকরণ	রেগুলেটরি অথরিটির সনদ গ্রহণপূর্বক ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনার বিষয়টি নিশ্চিত করতে হবে। পাশাপাশি নির্ধারিত কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনাকারী এনজিওসমূহের কার্যক্রম বন্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে হবে।	উপপরিচালক, জেলা সমাজসেবা অফিস এবং এনজিওসমূহের জেলা ও উপজেলা প্রধানগণ
(গ)	স্বাবলম্বী বাংলাদেশ এর নিকট হতে এনজিও ফাউন্ডেশনের অর্থ আদায়	বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন হতে গৃহীত অনুদানের ৫২,০০০/- টাকা আদায়ের লক্ষ্যে স্বাবলম্বী বাংলাদেশ, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে সার্টিফিকেট মামলা দায়েরের জন্য প্রত্যাশী সংস্থাকে পুনরায় অনুরোধ জানানো হয়েছে।	নির্বাহী পরিচালক, বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন, ঢাকা
আলোচনা-৫			
(ক)	অনুমোদনবিহীন ও ভুয়া এনজিও'র বিষয়ে ব্যবস্থা গ্রহণ	জেলায় কর্মরত এনজিওসমূহের কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে। অনুমোদনবিহীন ও ভুয়া এনজিও'র সন্ধান পাওয়া গেলে জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনকে অবহিত করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ ও উপপরিচালক, জেলা সমাজসেবা,কিশোরগঞ্জ
(খ)	এনজিও সমন্বয় কমিটি এর সভা অনুষ্ঠান এবং এনজিও'র কার্যক্রম পরিদর্শন	জেলায় কর্মরত এনজিওসমূহের সমন্বয়ে উপজেলায় এনজিও সমন্বয় কমিটির মাসিক সভা অনুষ্ঠানপূর্বক সভার কার্যবিবরণী জেলা প্রশাসকের কার্যালয়ে নিয়মিত প্রেরণ নিশ্চিত করতে হবে। এছাড়া স্ব স্ব অধিক্ষেত্রে কর্মরত এনজিওসমূহের কার্যক্রম সরেজমিন পরিদর্শনপূর্বক এনজিও বিষয়ক ব্যুরোর নির্ধারিত ছকে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ
আলোচনা-৬			
(ক)	বাল্যবিবাহ বিরোধী কার্যক্রম পরিচালনা	যৌতুক ও বাল্যবিবাহ রোধকল্পে জনসচেতনতা বৃদ্ধিসহ বাল্যবিবাহের সংবাদ তাৎক্ষণিক উপজেলা প্রশাসনকে অবহিত করার জন্য এনজিওসমূহের জেলা ও উপজেলা প্রধানকে অনুরোধ জানানো হয়।	উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ, উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর এবং এনজিওসমূহের জেলা ও উপজেলা প্রধান

(খ)	নারীদের প্রতি সহিংসতা প্রতিরোধে কার্যক্রম গ্রহণ	নারীদের অধিকার সুরক্ষায় সরকারি প্রতিষ্ঠানের পাশাপাশি এনজিওসমূহের গঠনমূলক কার্যক্রম পরিচালনায় সহযোগিতা প্রদানের অনুরোধ জানানো হয়।	উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর ও এনজিওসমূহের জেলা ও উপজেলা প্রধানগণ
আলোচনা-৭			
	এনজিও কার্যক্রমের তথ্যচিত্র উপস্থাপন	জেলা এনজিও সমন্বয় কমিটির পরবর্তী সভায় পিইপি, নিকলী এনজিও'র কার্যক্রমের হালনাগাদ তথ্যচিত্র উপস্থাপন করবে।	সিনিয়র মাঠ সমন্বয়কারী, পিইপি, নিকলী
আলোচনা-৮			
(ক)	জঙ্গীবাদের মূলোৎপাটনে কার্যকর ভূমিকা পালন	ইসলাম ও রাষ্ট্রবিরোধী চক্র ধর্মের অপব্যাখ্যার মাধ্যমে শিক্ষার্থীদেরকে যাতে বিপথগামী না করে সেদিকে সরকারি দপ্তরের পাশাপাশি এনজিওসমূহকেও সতর্ক দৃষ্টি রাখতে হবে।	এনজিওসমূহের জেলা ও উপজেলা প্রধানগণ
(খ)	এনজিও ওয়েব পোর্টালে তথ্য আপলোড	এনজিও ওয়েব পোর্টালে স্ব স্ব সংস্থার কার্যক্রমের হালনাগাদ তথ্য নিয়মিত আপলোডের নিমিত্ত স্ব স্ব সংস্থার উদ্যোগে পাসওয়ার্ড সংগ্রহের জন্য এনজিওসমূহের জেলা ও উপজেলা প্রধানগণকে অনুরোধ জানানো হয়।	নির্বাহী পরিচালক, নিফ আইটি, কিশোরগঞ্জ এবং এনজিওসমূহের জেলা ও উপজেলা প্রধানগণ
(গ)	ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রম গ্রহণ	এ জেলার ১৩টি উপজেলায় উপজেলা নির্বাহী অফিসারগণের কার্যালয়ে সংরক্ষিত তালিকাভুক্ত ভিক্ষুকদের মধ্য হতে প্রতিটি এনজিও কমপক্ষে ০৫জন ভিক্ষুককে পুনর্বাসনের লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ এবং এনজিওসমূহের জেলা ও উপজেলা প্রধানগণ

সভায় এ জেলার আর্থ-সামাজিক উন্নয়নে সরকারের পাশাপাশি এনজিওসমূহকে বলিষ্ঠ ভূমিকা রাখার আহবান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়

মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ৪৬.৪১.৪৮০০.০১০.০৫.০০৪.১৫.১২৬

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৬

১২ সেপ্টেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) সচিব, সচিবের দপ্তর , স্থানীয় সরকার বিভাগ

৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা

৪) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো

৫) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর

৬) জনাব .....ও সদস্য,, জেলা এনজিও সমন্বয় কমিটি, কিশোরগঞ্জ

মোহাম্মদ আবদুল্লাহ
উপ পরিচালক